

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন আঞ্চলিক অফিসে দুদকের অভিযান

(অভিযানের তারিখ: ২৫ জুলাই, ২০১৮ খ্রি:)



দুদক অভিযোগ কেন্দ্রে (১০৬) ট্রেড লাইসেন্স, জন্ম নিবন্ধনসনদসহ বিভিন্ন সেবা প্রাপ্তিতে ঘুষ লেনদেনের অভিযোগের প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের খিলগাঁও আঞ্চলিক অফিসে আকস্মিক অভিযান চালায় দুদক। উপ-পরিচালক মোঃ মঞ্জুর মোর্শেদের নেতৃত্বে পুলিশসহ ৬ সদস্যের একটি টিম এ অভিযানে অংশ নেয়াতিন ঘণ্টা ব্যাপী অভিযানে কার্যালয়ের বিভিন্ন সেবা প্রদান সংক্রান্ত আবেদন গ্রহণ ও নিষ্পত্তির খতিয়ান সরেজমিনে পরিদর্শন করে দুদক টিম। তারা দেখতে পায়, পর্যাপ্ত বই না থাকার কারণে ট্রেড লাইসেন্স প্রদানে সাময়িক বিলম্ব হলেও এখন সেটি গতিশীল রয়েছে। এছাড়া উল্লিখিত কার্যালয়ের আগত সেবা প্রার্থীদের নিকট হতে তাদের বিভিন্ন অভিযোগের বিষয়ে জানতে চাওয়া হয়। দুদকটিম সেবা প্রার্থীদের, এলাকাসীরা এবং দপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সাথে আলাপ করে জানতে পারে যে, কতিপয় কর্মচারী সেবা প্রদানে হয়রানি সেবা প্রত্যাশীদের সাথে হয়রানি করেন। টিম সদস্যরা কার্যালয়ের প্রধান জোনাল এক্সিকিউটিভ অফিসারকে সকল অসাধুকর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করে দুর্নীতিমুক্ত সেবা প্রদান নিশ্চিত করার পরামর্শ দেন।

এ অভিযান পরিচালনা প্রসঙ্গে এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনীর চৌধুরী জানান, “মাঠ পর্যায়ের দপ্তরগুলো যেন দুর্নীতি ও হয়রানিমুক্ত সেবা নিশ্চিত করে, তা নজরদারিতে আনতেই দুদকের এ অভিযান।”